

১ম ষাণ্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০২৩) পর্যন্ত অগ্রগতি

বাপেক্স এর কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১.১	ভূতাত্ত্বিক জরিপ (লক্ষ্যমাত্রা ৮৫ লাইন কি.মি. এলাকা- পটিয়া, চট্টগ্রাম): লক্ষ্যমাত্রা নির্ধারণ : সর্বমোট ৮৫ লাইন কি.মি.; পটিয়া ভূগঠন, চট্টগ্রাম এলাকা। নভেম্বর ২০২৩ হতে মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহের কার্যক্রম শুরু হয়। ০১-১০-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত সার্ভে-১৭ লাইন কি.মি., সম্পন্ন। এছাড়াও শিলা নমুনা সংগ্রহ হয়েছে -১৫ টি
১.২	দ্বিমাত্রিক জরিপ (লক্ষ্যমাত্রা ১০০০ লাইন কি.মি.; ব্লক-৬বি সাউথ এন্ড ১০): লক্ষ্যমাত্রা নির্ধারণ : ১০০০ লাইন কি.মি। নভেম্বর ২০২৩ হতে মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহের কার্যক্রম শুরু হয়। ০১-১০-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত সার্ভে-৫৩৮ লাইন কি.মি, ড্রিলিং- ৪৪৩ লাইন কি.মি ও রেকর্ডিং (উপাত্ত সংগ্রহ) - ২২০.৬২৫ লাইন কি.মি উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।
১.৩	ত্রিমাত্রিক জরিপ : লক্ষ্যমাত্রা ৩০০ বর্গ কি.মি. (পাথারিয়া স্ট্রীকচার); লক্ষ্যমাত্রা নির্ধারণ : ৩০০ বর্গ কি.মি.। নভেম্বর ২০২৩ হতে মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহের কার্যক্রম শুরু হয়। ০১-১০-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত সার্ভে-১৩৬ বর্গ.কি.মি. , ড্রিলিং- ৯৬ বর্গ.কি.মি. ও রেকর্ডিং (উপাত্ত সংগ্রহ) - ৫০ বর্গ.কি.মি উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।
১.৪	অনুসন্ধান কূপ (লক্ষ্যমাত্রা ১টি কৈলাসটিলা-৮): কৈলাসটিলা-৮ অনুসন্ধান কূপ খনন প্রকল্পে বিজয়-১২ রিগ স্থানান্তরের কার্যক্রম শেষ হয়েছে। রিগ আপ করার প্রস্তুতি চলছে। চলতি সপ্তাহে রিগ আপ করার পরিকল্পনা রয়েছে। খনন শুরুর সম্ভাব্য তারিখ ১৫-০১-২০২৪ এবং সমাপ্তির সম্ভাব্য তারিখ ১৫-০৩-২০২৪।
১.৫	উন্নয়ন কূপ (লক্ষ্যমাত্রা ২টি সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট)): সুন্দলপুর-৩ কূপের খনন কাজ ০৪.১১.২০২৩ তারিখে শুরু হয়েছে এবং ১৯০৯ মিটার গভীরতা পর্যন্ত খনন কাজ সম্পন্ন হয়েছে এবং খনন কাজ চলমান রয়েছে। একটি জোনে কোরিং করা হয়েছে। সমাপ্তির সম্ভাব্য তারিখ ২৯-০২-২০২৪। বেগমগঞ্জ ৪ (ওয়েস্ট)- কূপ খননের লক্ষ্যে পূর্ত কাজ শেষ পর্যায়ে রয়েছে।
১.৬	ওয়ার্কওভার কূপ (লক্ষ্যমাত্রা ২টি (এসজিএফএল এর ২টি) কৈলাসটিলা-২ কূপের ওয়ার্কওভার ২৩-১১-২০২৩ তারিখে সফলভাবে সম্পন্ন করে গ্যাস উৎপাদন শুরু হয়েছে। রশিদপুর-২ কূপের ওয়ার্কওভার করার লক্ষ্যে ইতিমধ্যে প্যাকার মিলিং করে একটি লগিং সম্পন্ন হয়েছে। বাকি কাজ শেষে ডিএসটি সম্পন্ন করা হবে।
১.৭	মানবসম্পদ উন্নয়ন —প্রশিক্ষণ (লক্ষ্যমাত্রা ১১০০ জন): ২০২৩-২৪ অর্থবছরে ০১-০৭-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত ৭৬৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
১.৮	আভ্যন্তরীণ শিখন সেশন (লক্ষ্যমাত্রা ৪টি): ২০২৩-২৪ অর্থবছরে ০১-০৭-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত ৫ টি আভ্যন্তরীণ শিখন সেশন পরিচালনা করা হয়েছে।
১.৯	নিয়োগ প্রদান সম্পন্ন (লক্ষ্যমাত্রা ৪টি): ২০২৩-২৪ অর্থবছরে ৩১.১২.২০২৩ তারিখের মধ্যে নিয়োগ প্রদান সম্পন্নের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। গত ০২.১০.২০২৩ তারিখে নিয়োগ কার্যক্রম সফলভাবে শেষ হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
১.১০	গ্যাস উৎপাদন (লক্ষ্যমাত্রা ৪৫ বিসিএফ) : লক্ষ্যমাত্রা নির্ধারণ: ৪৫ বিসিএফ। ০১-০৭-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত ২৫.৫২৯ বিসিএফ গ্যাস উৎপাদিত হয়েছে।
১.১১	কনভেনসেট উৎপাদন (লক্ষ্যমাত্রা ৬ মিলিয়ন.লি) : লক্ষ্যমাত্রা নির্ধারণ: ৬ মিলিয়ন.লি। ০১-০৭-২৩ হতে ৩১-১২-২০২৩ পর্যন্ত ৪.৩৫৫ মিলিয়ন.লি কনভেনসেট উৎপাদিত হয়েছে।

Handwritten signature

Handwritten signature
Page 1 of 1
Md. Mashiur Rahman
Deputy General Manager (Geology)
Research & Development Division
BAPEX, Dhaka.

Handwritten signature
২৩/১২/২৩
প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন
মহাস্বরাষ্ট্রপক
উৎপাদন বিভাগ
বাপেক্স